জীবননগরে ডিবি পুলিশের অভিযানে দুইশ পিচ ইয়াবাসহ আটক ২

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখা (ডিবি) পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে দুইশ পিচ ইয়াবা ট্যাবলেটসহ দুইজনকে আটক করেছে।

আজ বৃহসপ্রতিবার সকাল ৬টার সময় চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবার নির্দেশে চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখা (ডিবির) অফিসার ইনচাজ মোঃ ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে এসআই (নিঃ)/ সুমন্ত বিশ্বাস, জেলা গোয়েন্দা শাখা, চুয়াডাঙ্গা সঙ্গীয় অফিসারএএসআই (নিঃ)/ মোঃ আবেদুর রহমান সহ সঙ্গীয় ফোর্স নিয়ে চুয়াডাঙ্গায় মাদক বিরোধী অভিযান চালিয়ে জীবননগর উপজেলার মোল্লাবাড়ির গ্রামের মোঃ শওকত আলীর তেলের দোকানের সামনে জীবননগর-দর্শনাগামী পাঁকা রাস্তার উপর হতে মহেশপুর উপজেলার তালসার গ্রামের মিজানুর রহমানের ছেলে মোঃ মেহেদী হাসান (২৬) এবং উথলী গ্রামের তোয়াজ উদ্দিনের ছেলে মোঃ জহুরুল ইসলামকে (২৫) দুইশ পিচ ইয়াবা ট্যাবলেটসহ আটক করে । আটককৃত আসামীদ্বয়ের বিরুদ্ধে জীবননগর থানায় নিয়মিত মামলা হয়েছে।

চুয়াডাঙ্গা ডিবি পুলিশের অভিযানে ফেন্সিডিলসহ পিকআপ গাড়ী জব্দ

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার মাদক বিরোধী অভিযানে ২০০ বোতল ফেন্সিডিলসহ একটি পিকআপ গাড়ী জব্দ করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম-সেবা দিকনির্দেশনায় মাদকবিরোধী অভিযান পরিচালিত হচ্ছে। তারই ধারাবাহিকতায় জেলা গোয়েন্দা শাখা (ডিবি) কর্তৃক মাদক বিরোধী অভিযান পরিচালনাকালে গোপন সংবাদের ভিত্তিতে জেলা গোয়েন্দা

শাখার অফিসার ইনচার্জ মোঃ ফেরদৌস ওয়াহিদ নেতৃত্বে এসআই (নিঃ) সুমন্ত বিশ্বাস সঙ্গীয় অফিসার এএসআই (নিঃ)মোঃ আবেদুর রহমান সঙ্গীয় ফোর্সসহ বৃহস্পতিবার রাত সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা সদর থানাধীন পৌর এলাকা বুজরুকগড়গড়ী বনানিপাড়া ঈদগাহের সামনে গাইদঘাট টু বেলগাছি রেলগেইটগামী পাকা রাস্তার উপর অবস্থান নিলে বেলগাছী রেলগেইট অভিমুখে দ্রুতগামী পিকআপ গাড়ীকে থামানোর নির্দেশ দিলে দ্রুত পিকআপ গাড়ী রেখে দুইজন আসামী দৌড়ে পালিয়ে যায়।

উপস্থিত সাক্ষীদের সম্মুখে পিকআপ গাড়ী তল্লাশি করে পিকআপের ভিতরে রাখা আমের ক্যারেটের মধ্যে বিশেষ কায়দায় রক্ষিত ২০০ (দুইশত) বোতল ফেন্সিডিলি উদ্ধার পূর্বক পিকআপ গাড়ী ও অবৈধ মাদকদ্রব্য ফেন্সিডিল জব্দ করেন। পলাতক ও অজ্ঞাতনামা আসামীর বিরুদ্ধে চুয়াডাঙ্গা সদর থানায় নিয়মিত মামলা রুজু করা হয়।

কুষ্টিয়ায় অবৈধ গুড় কারখানায় অভিযান: মালিকের জরিমানা

কুষ্টিয়ার ভেড়ামারায় বিভিন্ন কেমিক্যাল দিয়ে গুড় প্রস্তুত করার সময় একটি গুড় কারখানায় অভিযান চালিয়ে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। একইসাথে ৫৬ টিন গুড় ধ্বংস করা হয়েছে।

আজ সোমবার উপজেলার বাহাদুরপুর ইউনিয়নে মালিপাড়া বাঁশেরদিয়াড় গ্রামে আব্দুল গণির গুড়ের কারখানায় যৌথভাবে অভিযান পরিচালনা করেন ভেড়ামারা উপজেলা নির্বাহী অফিসার আকাশ কুমার কুন্ডু ও কুষ্টিয়া জেলার জাতীয় ভোক্তা অধিকার কর্মকর্তা সহকারী পরিচালক সুচন্দন মন্ডল

জেলা জাতীয় ভোক্তা অধিকার অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল জানান, খাবার অযোগ্য বিভিন্ন ধরনের কেমিক্যাল দিয়ে গুড় প্রস্তুত করার অপরাধে কারখানা মালিক আব্দুল গনিকে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়। একই সাথে ৫৬ টিন গুড় ধ্বংস করা হয়েছে। অবৈধ প্রক্রিয়ায় পণ্য উৎপাদন বা প্রক্রিয়াকরণ মানুষের জীবন বা

স্বাস্থ্যের জন্য ক্ষতি হয় এমন কোন প্রক্রিয়া যা কোন আইন বা বিধির অধীন নিষিদ্ধ করা হয়েছে। এই নিম্নমানের গুড় তৈরি যারা করছে তাদের বিরুদ্ধে এই অভিযান চলমান থাকবে বলেও জানান তিনি।

ভেড়ামারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার নুরুল আমিনের সঙ্গে কথা বললে তিনি জানান, নিম্নমানের গুড় তৈরি করার সময় যেসব কেমিক্যাল যেমন ফিটকির, ডালডা, খাইসোডা,রং, হাইড্রোজ,ব্যবহার করছে যা মানব দেহের জন্য চরম ক্ষতিকর ছাড়াও কিডনি ড্যামেজসহ মানবদেহের ভিন্ন রোগ দেখা দিতে পারে।

আলমডাঙ্গায় ভোক্তা অধিদপ্তরের অভিযানে পেঁয়াজের দাম কমালো ব্যবসায়ীরা

আলমডাঙ্গার কাঁচাবাজার ও আড়তে অভিযান চালিয়েছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ চুয়াডাঙ্গা অধিদপ্তর। এসময় অভিযানের খবর পেয়ে খুচরা পেয়াজ ব্যবসায়ীরা কেজিতে ৫০-৬০ টাকা দাম কমিয়ে বিক্রি করতে দেখা যায়। এসময় পণ্যের মুল্যতালিকা না থাকা ও ক্রয় বিক্রয় ভাউচার যথাযথভাবে সংরক্ষণ না করার অপরাধে চার প্রতিষ্ঠানকে ১১ হাজার টাকা জরিমানা করা হয়।

আজ রোববার (১০ ডিসেম্বর) দুপুরে এ অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহম্মেদ।

এর আগে, গত শুক্রবার আলমডাঙ্গার কাঁচা বাজারে খুচরা পেঁয়াজ বিক্রি হয় ৯০-১০০ টাকা। হঠাৎ শনিবার সকাল থেকে পেঁয়াজের দাম কেজিতে ৬০-৭০ টাকা বেড়ে ১৬০-১৭০ টাকা করে বিক্রি হয়। রবিবার সকাল থেকে ১৬০-১৮০ টাকা বিক্রি করে ব্যবসায়ীরা। তবে দুপুরে ভোক্তা অধিদপ্তরের অভিযানের খবরে প্রত্যেক খুচরা পেয়াজ ব্যবসায়ীরা ৫০-৬০ টাকা কেজিতে কমিয়ে বিক্রি করছেন বলে জানিয়েছেন বেশ কিছু ক্রেতারা।

অভিযান সুত্রে জানা যায়, বিভিন্ন অভিযোগের পরিপেক্ষিতে আলমডাঙ্গার পেয়াজ, কাঁচামালের আড়ত ও খুচরা দোকানসহ অন্যান্য নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়। অভিযানকালে পেঁয়াজের দাম বেশি মূল্যে বিক্রয়, পণ্যের মুল্যতালিকা না থাকা ও ক্রয় বিক্রয় ভাউচার যথাযথভাবে সংরক্ষণ না করার অপরাধে মেসার্স ইউনুচ স্টোরকে তিন হাজার টাকা, মেসার্স নজরুল ট্রেডার্সকে তিন হাজার টাকা, মেসার্স সোহেল ট্রেডার্সকে তিন হাজার টাকা, মেসার্স মন্টু ট্রেডার্সকে দুই হাজার টাকা জরিমানা করা হয়। এসময় ব্যবসায়ীদের সতর্ক করা হয় এবং সচেতনতামুলক লিফলেট বিতরণ করা হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষন চুয়াডাঙ্গা অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহম্মেদ বলেন, পেঁয়াজের দাম বেশি মূল্যে বিক্রয় সহ বিভিন্ন অপরাধে চার প্রতিষ্ঠানকে ১১ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

জীবননগর থানা পুলিশের অভিযান গাজাসহ মাদক ব্যবসায়ী আটক

জীবননগর থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে গতকাল শুক্রবার বিকালে মনোহরপুর মাঠ থেকে ৩ কেজি গাঁজাসহ মাদক ব্যবসায়ী কামাল হোসেনকে আটক করে পুলিশ।

জীবননগর থানা সুত্রে জানা গেছে, জীবননগর থানার অফিসার ইনচার্জ ওসি এস.এম. জাবীদ হাসানের নেতৃত্বে এসআই জামাল হোসেন সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা কালে গতকাল শুক্রবার বিকাল সাড়ে ৪ টার দিকে উপজেলার মনোহরপুর গ্রামের শাফায়েত হোসেনের বেগুন ক্ষেতের সামনে পাকা রাস্তার উপর থেকে মাধবখালী গ্রামের সিরাজুল ইসলামের ছেলে মাদক ব্যবসায়ী কামাল হোসেন (৩৭)কে ৩ কেজি গাঁজাসহ গ্রেফতার করেন পুলিশ।

গ্রেফতারকৃত কামাল হোসেনের বিরুদ্ধে জীবননগর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে।

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণের অভিযানে গাঁজাসহ আটক ১

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান পরিচালনা করা হয়েছে এ সময় গাঁজা সহ ১ জনকে আটক করা হয়েছে।

আজ সোমবার দুপুর দুইটার সময় চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়ার নেতৃত্বে ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক নাজমুল হোসেন খান ও উপ পরিদর্শক সাহারা ইয়াসমিন ও আকবর হোসেন সহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয় থেকে সদর থানাধীন বিভিন্ন এলাকায় অভিযান করে চুয়াডাঙ্গা সদর উপজেলার হকপাড়ার মৃত খোকনের ছেলে আসামি মো:অপু (২৮) কে সদর থানাধীন হকপাড়াস্থ আসামির নিজ দখলীয় বসতঘর হইতে ০১ কেজি গাঁজা সহ তাকে গ্রেপ্তার করা হয়।

উক্ত গ্রেফতারকৃত আসামীকে চুয়াডাঙ্গা সদর উপজেলার এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার ০৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

চুয়াডাঙ্গায় সরোজগঞ্জ ফাঁড়ির অভিযানে ফেনসিডিলসহ আটক ২

চুয়াডাঙ্গা জেলা পুলিশের সদর উপজেলার সরোজগঞ্জ ক্যাম্প ও তিতুদহ ক্যাম্পের যৌথ অভিযানে ১৬৮পিস বোতল ফেনসিডিলের পিকআপ গাড়িসহ দুজনকে আটক করেছে পুলিশ । মিনি পিকআপটি ও ১৬৮পিস বোতল ফেনসিডিলসহ সর্বমোট সাড়ে ১৪ লক্ষ টাকার মূল্য মালামাল আটক করে

পুলিশ।

জানাগেছে, চুয়াডাঙ্গা জেলার জীবননগর থানার খায়েরহুদা গ্রামের মৃত আব্দুল খালেকের ছেলে আজাদুর রহমান (৪৫) ও একই গ্রামের জুমাত আলীর ছেলে ফিরোজ হোসেন (২৩) আজ শনিবার সকাল সাড়ে এগারোটার সময় ১৬৮ পিস বোতল ফেনসিডিলের পিকআপ গাড়ি যার নাম্বার (ঢাকা মেট্রো ন – ২১-৩৬৭৯,) সহ দুজনকে সরোজগঞ্জ বাজারে কালুপোল সড়কের এ্যানি ম্যানি ওষুধের ফার্মেসির সামনে হতে কাঠের গুড়া বস্তা লোড সহ মিনি পিকআপ গাড়িটি জীবননগর থেকে ছেড়ে এসে খাড়াগোদা বাজার হয়ে সরোজগঞ্জে দিকে আসার সময়ে সরোজগঞ্জ ক্যাম্পের পুলিশ পিকাআপটি গতিরোধ করে ফেনসিডিলের গাড়িসহ দুজনকে আটক করেন।

এদিকে তিতুদহ ক্যাম্পের গোপন সংবাদের ভিত্তিতে আজ শনিবার মিনি পিকআপটি পিছু পিছু ধাওয়া করেন বলে জানিয়েছেন তিতুদহ ক্যাম্পের এস আই উত্তম কুমার। তিতুদহ ক্যাম্পের পুলিশের সদস্যরা এবং সরোজগঞ্জ ক্যাম্পে মোবাইল ফোনে বিষয়টি জানালে দ্রুততার সাথে সরোজগঞ্জ ক্যাম্পের পুলিশ মিনি পিকআপটি সরোজগঞ্জ চার রাস্তা মোড়ে পিকআপটিকে থামিয়ে অভিযান চালিয়ে ফেনসিডিলসহ পিকআপটি আটক করে ক্যাম্পে রাখেন।

সরোজগঞ্জ ক্যাম্পের ইনচার্জ এস আই হারুন অর- রশিদ ও এস আই অরিদুল ইসলাম মেহেরপুর প্রতিদিনের প্রতিবেদকে বলেন আমি ও তিতুদহ ক্যাম্পের এস আই উত্তম কুমার সহ ফোর্স নিয়ে গোপন সংবাদের মাধ্যমে খাড়াগোদা বাজার হয়ে সরোজগঞ্জ বাজারের দিকে একটি পিকআপে ফেনসিডিলের বড় চালানের কথা শুনে বিভিন্ন যানবাহন তল্লাসি করতে থাকি তবে মিনি পিকআপটিকে আমাদের সন্দেহ হয়ে পিকআপটি পিছু পিছু ধাওয়া করতে থাকি এবং সরোজগঞ্জ ক্যাম্পের সহযোগিতায় আমরা যৌথ অভিযানে ফেনসিডিল উদ্ধার করা হয়।

আসামীদেরকে আজ চুয়াডাঙ্গা সদর থানায় সোর্পাদ করে মামলা দায়ের করেন বলে জানিয়েছেন সরোজগঞ্জ ক্যাম্প পুলিশ।

আলমডাঙ্গায় জাতীয় ইঁদুর নিধন অভিযান ও আলোচনা সভা

আলমডাঙ্গা উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে জাতীয় ইঁদুর নিধন অফিযান- ২০২৩ উপলক্ষে আলোচনা সভা অনুষ্টিত হয়েছে।

‘ইঁদুরের দিন শেষ, গড়বে সোনার বাংলাদেশ ‘ এই শ্লোগানকে সামনে রেখে আজ সোমবার বেলা সাড়ে ১১ টার দিকে কৃষি অফিসের হলরুমে আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা কৃষি অফিসার রেহানা পারভীন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত আছেন জেলা কৃষি সম্প্রসারণ অফিসের উপ-পরিচালক বিভাষ চন্দ্র রায়। তিনি বলেন- আপনারা জানেন ইঁদুর প্রতিবছর কত মেট্রিক টন ধান নষ্ট করে। সরকার ইঁদুর নিধন কল্পে পুরস্কার ঘোষণা করেছেন,আপনারা যদি ২শত থেকে ৫শত ইঁদুর মেরে তার লেজ কেটে কৃষি অফিসে জমা দেন তাহলে আপনাকে কৃষি সম্প্রসারণ অফিস থেকে পুরস্কৃত হবেন,শুধু তাই নয় জাতীয় পর্যায় থেকেও আপনি পুরস্কৃত হতে পারেন,তাই সরকারের সম্পদ বাঁচাতে সকল কৃষক, কৃষানী ইঁদুর নিধনে সামিল হবেন।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কৃষি সম্প্রসারণ অফিসের অতিরিক্ত উপ-পরিচালক(উদ্যোন)মোমরাজ আলী, উপ-সহকারি কৃষি কর্মকর্তা আব্দুল ওয়াহরদ,খালিদ সাইফুল্লাহ, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, সিনিয়র সাংবাদিক প্রশান্ত বিশ্বাস, তানভীর সোহেল প্রমুখ।

এছাড়াও সভায় শতাধিক কৃষক, কৃষানী উপস্থিত ছিলেন।

দামুড়হুদা থানা পুলিশের অভিযানে গাঁজাসহ আটক ১

দামুড়হুদা মডেল থানা পুলিশ অভিযান চালিয়ে মিলন (৩৫) নামের এক মাদক কারবারি কে গাঁজা সহ আটক করেছে। আটককৃত মাদক কারবারি

ভগিরাতপুর পুরাতনপাড়ার চাঁদ আলীর ছেলে।

থানা সূত্রে জানাগেছে, দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আলমগীর কবিরের নেতৃত্বে থানার সেকেন্ড অফিসার এসআই আসাদুর রহমান আসাদ, এএসআই মঞ্জুর রহমান সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী বিশেষ অভিযান ডিউটি করার সময় গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা থানাধীন চারুলিয়া ব্রিজের পশ্চিম পার্শ্বে পাকা রাস্তার উপর থেকে মিলন হোসেন কে আটক করে।

এসময় আটককৃতর কাছ থেকে ৫’শ গ্রাম গাঁজা উদ্ধার করে পুলিশ। আটককৃত বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

আলমডাঙ্গা থানা পুলিশের অভিযানে ট্যাপেন্টাডলসহ আটক ১

আলমডাঙ্গা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫০ পিচ ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধারসহ ১জনকে গ্রেফতার করেছে।

আজ শুক্রবার বেলা সাড়ে ১১ টার দিকে উপজেলার কয়রাডাঙ্গা গ্রাম থেকে তাকে আটক করে।

আটক ব্যক্তি দামুড়হুদা উপজেলার গেপীনাথপুর গ্রামের আনোয়ার হোসেনের ছেলে শরিফুল ইসলাম (৩৬)।

পুলিশ সুত্রে জানা যায়, আলমডাঙ্গার কয়রাডাঙ্গা গ্রামের ব্রীজের উপর ট্যাপেন্টাডল ট্যাবলেট বেচাকেনা হচ্ছে বলে পুলিশের কাছে সংবাদ আসে। সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার নাথের নির্দেশে এসআই (নিঃ) তারিফুজ্জামান সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। পুলিশেরর অভিযানে ট্যাপেন্টাডল ট্যবলেটসহ শরিফুল ইসলামকে হাতে নাতে আটক হয়। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মাদক দ্রব্য আইনে মামলা হয়েছে।